স্টেট সার্ভিসেস লিঃ

৩৯/১ বঙ্গবন্ধু এভিনিউ (৬ষ্ঠ তলা), ঢাকা-১০০০।

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) এর উন্নয়ন (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পে জনবল সরবরাহ (আউট সোর্সিং) এর পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্রঃ বিইউপি/সিপিডিও/১ম পর্যায় প্রকল্প/২০১৮-১৯/০৪ **তারিখঃ ২১ অক্টোবর ২০১৯**

"বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ এর উন্নয়ন (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পে জনবল সেবা সরবরাহের লক্ষ্যে নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ীভাবে (প্রকল্প মেয়াদকালীন সময় পর্যন্ত) নিয়োগ/প্যানেল প্রস্তুতের নিমিত্তে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম, পদ সংখ্যা ও সর্বসাকুল্য বেতন	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	এ্যাসিসটেন্ট প্রজেক্ট ম্যানেজার (সহঃ নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী-ইলেকট্রিক্যাল), ০১টি পে-স্কেল/২০১৫ অনুযায়ী গ্রেড-৯ এর সাকুল্য বেতন, ৩৫,৬০০/-	২৫ হতে ৫০ বছর	ক) শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি হইতে হইবে এবং ইঞ্জিনিয়ারিং স্নাতক ডিগ্রী আইইবি কর্তৃক স্বীকৃত হতে হবে। সনাতন পদ্ধতিতে ন্যূনতম দুইটি প্রথম শ্রেনি/বিভাগ থাকিতে হইবে এবং শিক্ষা জীবনে কোন স্তরেই ৩য় শ্রেনি/বিভাগ গ্রহণযোগ্য হইবে না। জিপিএ পদ্ধতিতে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ক্ষেত্রে ৪.৫০ (৫.০০ স্কেল) এবং স্নাতক পর্যায়ে সিজিপিএ ২.৫ (৪.০০ স্কেল) পাইতে হইবে। (খ) অভিজ্ঞতা: উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। পিডব্লিউডি/এমইএস/অন্য যে কোন সরকারী ইঞ্জিনিয়ারিং দপ্তর/শাখা হতে ৯ম গ্রেডে অবসরপ্রাপ্ত এবং বেসরকারী প্রতিষ্ঠানে সহ: প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) হিসেবে কর্মরত অধিক যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
২.	উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), ০১টি পে-স্কেল/২০১৫ অনুযায়ী গ্রেড-১০ এর সাকুল্য বেতন, ২৭,১০০/-	৩০ হতে ৫০ বছর	(ক) শিক্ষাগত যোগ্যতা: যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং হইতে হইবে। (খ) অভিজ্ঞতা: উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/ যোগ্যতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা।
৩.	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), ০১টি পে-স্কেল/২০১৫ অনুযায়ী গ্রেড-১০ এর সাকুল্য বেতন, ২৭,১০০/-	৩০ হতে ৫০ বছর	(ক) শিক্ষাগত যোগ্যতা: যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং হইতে হইবে। (খ) অভিজ্ঞতা: উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/ যোগ্যতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা।

শর্তাবলী ঃ

১. আগ্রহী আবেদনকারীদেরকে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্য পুরণপূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদন ফরমের হার্ড কপি ০৯.০০ - ১৭.০০ ঘটিকার মধ্যে স্টেট সার্ভিসেস লিঃ এর অফিস হতে সংগ্রহ করা যাবে অথবা জনবল সেবাগ্রহণকারী প্রতিষ্ঠানের ওয়েব সাইট www.bup.edu.bd/career ফরম ডাউনলোডের লিংক পাওয়া যাবে।

২. আবেদনপত্রের সহিত সাম্প্রতিক তোলা ০২ (দুই) কপি রঙ্গিন ছবি, শিক্ষাগত সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন, চারিত্রিক সনদপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় সকল কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত পূর্বক ০২ (দুই) সেট আবেদনপত্র জমা দিতে হবে।

৩. প্রকল্প পরিচালক, "বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) এর উন্নয়ন (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্প বরাবরে আবেদনপত্র (ক) ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন শাখা), প্রশাসনিক ভবন (তয় তলা), বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি), মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬। অথবা (খ) ব্যবস্থাপনা পরিচালক, স্টেট সার্ভিসেস লিঃ, কক্ষ নং- ৭০,৭১, ৩৯/১ বঙ্গবন্ধু এভিনিউ (৬ষ্ঠতলা), ঢাকা-১০০০ এই ঠিকানায় আগামী **১২ নভেম্বর ২০১৯** তারিখ অফিস চলাকালিন সময়ের মধ্যে পৌছাতে হবে।

৪. আউটসোর্সিং জনবলের সর্বসাকুল্য সেবামূল্য নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগের পরিপত্র নং ০৭.১১১.০৩১.০১.০০.০০৫. ২০১০-২৬০, তারিখ ২৬/০৫/২০১৬ খ্রিঃ অনুসরনে মাসিক সেবা মূল্যের অতিরিক্ত বছরে ২ (দুই) টি উৎসব প্রণোদনা এবং ১ (এক) টি নববর্ষ প্রণোদনা প্রদেয় হবে। এছাড়াও সরকার কর্তৃক সময়ে সময়ে এতদ্সংক্রান্ত যেকোন পরিপত্র/সার্কুলার জারী হলে তাও প্রযোজ্য হবে।

৫. উল্লেখিত প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রাথমিকভাবে ০১ (এক) বছরের জন্য নিয়োগ করা হবে। কাজের সন্তোষজনক মান এবং সেবা গ্রহণকারী কর্তৃপক্ষের বাজেট সংস্থান স্বাপেক্ষে নিয়োগ নবায়ন করা যেতে পারে।

৬. আউট সোর্সিং এর আওতায় নিয়োগকৃত সকল জনবল সার্বক্ষাণিকভাবে উল্লেখিত প্রকল্পের কাজে নিয়োজিত থাকবেন এবং প্রকল্পের মেয়াদ শেষে এই নিয়োগের অবসান ঘটবে।

৭. স্টেট সার্ভিসেস লিঃ হতে সেবাগ্রহণকারী কর্তৃপক্ষের তথা বিইউপির চাকুরী সংক্রান্ত বিদ্যমান প্রাবিধানিক ব্যবস্থা অনুযায়ী আচরণ বিধি ও অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে।

৮. ০১ (এক) মাসের পূর্ব নোটিশে বা ০১ (এক) মাসের সমপরিমাণ বেতন সমর্পণ স্বাপেক্ষে উভয় পক্ষ নিয়োগের অবসান ঘটাতে পারবেন।

৯. সেবাগ্রহণকারী কর্তৃপক্ষ কোন কারণদর্শানো ব্যতিরেকে যেকোন পদের বা সকল পদের সেবা গ্রহণ বিরত/বাতিল/প্রত্যাহার করতে পারবেন। এক্ষেত্রে সেবাগ্রহণকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত মান্য বলে বিবেচিত হবে।

১০. সাধারণভাবে কর্মস্থল বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) ক্যাম্পাস, মিরপুর সেনানিবাস, ঢাকা। তবে প্রকল্পের স্বার্থে দেশের অভ্যন্তরে অস্থায়ীভাবে গমণের প্রয়োজন হতে পরে।

১১. কর্মস্থল সেনানিবাস এলাকা হওয়ায় প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র নিয়োগ পরবতীতে প্রক্রিয়া করা হবে। সেনানিবসের মধ্যে এবং প্রকল্প এলাকায় চলাচলের জন্য নিরাপত্তা আইডি কার্ড প্রদান করা হবে।

১২. জনবল সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ তথা বিইউপির তত্ত্বাবধানে লিখিত পরীক্ষা/মৌখিক পরীক্ষা/দক্ষতা যাচাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে এবং নির্বাচিত প্রার্থীদের অনুকুলে স্টেট সার্ভিসেস লিঃ কর্তৃক নিয়োগপত্র ইস্যু করা হবে।

১৩. লিখিত পরীক্ষা/মৌখিক পরীক্ষা/দক্ষতা যাচাই প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. নিয়োগ প্রক্রিয়ায় কোন ধরনের ব্যত্যয় পরিলক্ষিত হলে তা সমাধানের ক্ষেত্রে সরকারী বিধি-বিধানগুলো অগ্রগণ্যতা পাবে।

মোঃ মিজানুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
স্টেট সার্ভিসেস লিঃ
টেলিফেন নং- ০২-৯৫৬৮১৬৬